



# বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি



স্মারক নং- বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি (শিক্ষক)/৪২৭/১৩৯৩৬

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদ ও বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহযোগী অধ্যাপক: ০১টি স্থায়ী পদ গ্রেড-৪, জাতীয় বেতন স্কেল-২০১৫ দর্শন বিভাগ- (০১টি)	(ক) সহযোগী অধ্যাপক পদে আবেদনের জন্য স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৫ (পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০(দশ) বছরের শিক্ষকতা/ গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। (খ) এমফিল অথবা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৮(আট) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। (গ) পিএইচডি অথবা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৩(তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৭(সাত) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। (ঘ) শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্রছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। (ঙ) শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।
২	সহকারী অধ্যাপক: ০১টি স্থায়ী পদ গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল-২০১৫ মার্কেটিং বিভাগ-(০১টি)	সহকারী অধ্যাপক পদে আবেদনকারী প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ অথবা জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) থাকতে হবে। মার্কেটিং বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোনো একটিতে ১ম শ্রেণি থাকতে হবে এবং শিক্ষাজীবনের কোনো ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। সিজিপিএর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল-৪.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর স্বীকৃত জার্নাল বা বইয়ে অন্তত ১টি প্রকাশনা থাকতে হবে এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩ (তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

## শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম <a href="http://www.bu.ac.bd">www.bu.ac.bd</a> থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকটী, বরিশাল সদর, বরিশাল এর ডিসপ্যাচ শাখা থেকে ফরম প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা দিয়ে ফরম সংগ্রহ ও পূরণ পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ সহযোগী অধ্যাপক পদের জন্য ১১ (এগার) সেট ও সহকারী অধ্যাপক পদের জন্য ০৮(আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকটী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪ বরাবর দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা: ২১/০৯/২০২৩ খ্রিস্টাব্দ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গ্রেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র এবং প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (যদি থাকে) সংক্রান্ত সনদের ছায়ালিপি; (২) মূল আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে ১ কপি রঙিন ছবি; (৩) অনলাইনে সম্পন্নকৃত জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
(ঘ)	ট্রাণ্টিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঙ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে তথ্য দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণ করা হবে না।
(চ)	আবেদনপত্রের সাথে "ট্রেজারার", বরিশাল বিশ্ববিদ্যালয়"-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোনো শাখা থেকে ৬০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
(ছ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম ও বিভাগ প্রেরিত আবেদনপত্রের খামের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(জ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। একই সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

স্বা/-

সুপ্রভাত হালদার

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

বরিশাল বিশ্ববিদ্যালয়।